

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 23 April, 2025

ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের দিন (৫ আগস্ট) বেলা ১১টা থেকে রাত আড়াইটা পর্যন্ত জাতীয় সংসদ ভবনের একটি কক্ষে আশ্রয় নিয়েছিলেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী, সাবেক আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকসহ ১২ জন। পরবর্তীতে সেনাবাহিনী তাদের সেখান থেকে উদ্ধার করে।

বুধবার (২৩ এপ্রিল) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জি এম ফারহান ইশতিয়াকের আদালতে রিমান্ড শুনানিতে এসব তথ্য তুলে ধরেন পলক।

শুনানিতে তিনি বলেন, আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনা হয়েছে। আমাকে জেলগেটে জিজ্ঞাসাবাদ করা হোক।

শুনানি শেষে আদালত বাড়ি থানার একটি হত্যা মামলায় পলকের দুই দিনের পুলিশ রিমান্ড মঞ্জুর করেন।

গত বছরের ১৫ আগস্ট পলককে গ্রেপ্তার করা হয়। এরপর বিভিন্ন সময় তাকে হত্যা ও হত্যাচেষ্টা মামলায় রিমাণ্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। বর্তমানে তিনি কারাগারে আটক রয়েছেন। চলতি বছরের ৬ ফেব্রুয়ারি এই মামলায় তাকে গ্রেপ্তার দেখানো হয়।

Generated on 28 June, 2025 14:48

URL: <https://www.timestodaybd.com/national/1288775807>